# ১৬তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়-২) ২০১৯

■ পরীক্ষার তারিখ : ৩০.০৮.২০১৯
■ সময় : ১ ঘণ্টা ■ পূর্ণমান : ১০০
■ সেট কোড : ০১

[প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।]

১. বাংলা সাধু ভাষার জনক কে?
ⓚ হরলাল রায় ⓑ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
ⓖ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় ⓓ রবীন্দ্রনাথ ঠাকুর

(ব্যাখ্যা) উনিশ শতকে বাংলার যে লিখিত রূপ গড়ে উঠে, তার নাম দেওয়া হয় সাধুভাষা। সংস্কৃত ব্যাকরণিক মনুষ্যের ভাষাকে 'সাধুভাষা' বলে প্রথম অভিহিত করেন রাজা রামমোহন রায়। পরে রামমোহন, মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, অক্ষয়কুমার দত্ত, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় প্রমুখ গদ্যশিল্পীগণ এই সাধু ভাষার মাধ্যমেই তাদের সাহিত্যকীর্তি প্রতিষ্ঠিত করেছেন। তবে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বিরাম চিহ্ন ব্যবহার করে ভাষার গতিশীলতা আনয়ন করেছেন এবং বাংলা সাধু গদ্যের পূর্ণরূপ বা অবয়ব দিয়েছেন। তাই তাকে বাংলা সাধু ভাষার জনক বলা হয়।

২. কোন ভাষারীতির পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট?
ⓚ কথ্য ভাষা ⓑ লেখ্য ভাষা
ⓖ সাধু ভাষা ⓓ চলিত ভাষা

(ব্যাখ্যা) বাংলা লেখ্য সাধুরীতি সুনির্ধারিত ব্যাকরণের নিয়ম অনুসরণ করে চলে এবং এর পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট। অন্যদিকে চলিত রীতি পরিবর্তনশীল।

৩. 'মেঘ' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ⓚ অম্বুদ ⓑ ভূ-ধর ⓖ শূন্য ⓓ নীর

[Note : মেঘ শব্দের সমার্থক শব্দ—জলধর, অম্বুদ, বারিদ প্রভৃতি। ভূ-ধর অর্থ পর্বত, নীর অর্থ পানি, শূন্য অর্থ আকাশ।]

৪. বিরাম চিহ্নের প্রবর্তক কে?
ⓚ প্রমথ চৌধুরী ⓑ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
ⓖ রবীন্দ্রনাথ ঠাকুর ⓓ আব্দুল হাকিম

(ব্যাখ্যা) বাংলা গদ্যের জনক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বাংলা বিরাম চিহ্নের স্রষ্টা। তিনি প্রথম বাংলা গদ্যে বিরাম চিহ্ন ব্যবহার করেন। তিনি 'বেতাল পঞ্চবিংশতি' গ্রন্থে প্রথম বিরাম চিহ্নের সফল ব্যবহার করেন।

৫. সমাসবদ্ধ পদের অংশগুলো বিচ্ছিন্ন করে দেখাবার জন্য কোন চিহ্ন ব্যবহৃত হয়?
ⓚ কোলন ⓑ সেমিকোলন
ⓖ কমা ⓓ হাইফেন

(ব্যাখ্যা) সমাসবদ্ধ পদের অংশগুলো বিচ্ছিন্ন করে দেখানোর জন্য হাইফেনের ব্যবহার হয়। যেমন— এ আমাদের শ্রদ্ধা-অভিনন্দন, আমাদের প্রীতি-উপহার।

৬. 'খয়ের খাঁ' বাগধারাটির অর্থ কী?
ⓚ মন্দভাগ্য ⓑ তুচ্ছ পদার্থ
ⓖ চাটুকার ⓓ নির্বোধ

(ব্যাখ্যা) 'ইঁদুর কপালে' বাগধারার অর্থ নিতান্ত মন্দভাগ্য। 'অকাল কুষ্মাণ্ড' বাগধারার অর্থ অপদার্থ, অকেজো।

৭. 'গঙ্গা' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ⓚ গোমতি ⓑ কৃষ্ণবেণী
ⓖ কাবেরী ⓓ সবগুলো

(ব্যাখ্যা) 'গঙ্গা' শব্দের সমার্থক শব্দ—ভাগীরথী, শিবপত্নী, গোমতি, কৃষ্ণবেণী, পিনাকিনী, কাবেরী।

৮. 'চন্দ্র' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ⓚ সোম ⓑ ভূষণ ⓖ নকশা ⓓ নভঃ

(ব্যাখ্যা) 'চন্দ্র' শব্দের সমার্থক শব্দ : সোম, শশী ইন্দু, রজনীকান্ত, রাকেশ, সুধাময়, সিতাংশু, বিধু প্রভৃতি।

৯. 'নৈসর্গিক' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ⓚ নকল ⓑ ঐহিক ⓖ কৃত্রিম ⓓ তামসিক

(ব্যাখ্যা) বিপরীতার্থক শব্দ : নৈসর্গিক—কৃত্রিম, ঐহিক—পারত্রিক, আসল—নকল, তামসিক—রাজসিক।

১০. নিচের কোন বানানটি শুদ্ধ?
ⓚ পিপীলিকা ⓑ পিপিলিকা
ⓖ পীপিলীকা ⓓ পিপীলীকা

(ব্যাখ্যা) পি + পী + লি + কা = পিপীলিকা শুদ্ধ বানান।

১১. কোন বানানটি শুদ্ধ?
ⓚ শমীচিন ⓑ সমীচীন ⓖ সমিচীন ⓓ শমীচীন

(ব্যাখ্যা) সম্যচ + ঈন = সমীচীন শুদ্ধ বানান।

১২. কোন বাক্যটি শুদ্ধ?
ⓚ দারিদ্রতাই প্রধান সমস্যা ⓑ দরিদ্রতাই আমাদের মূল সমস্যা
ⓖ দারিদ্র আমাদের প্রধান সমস্যা ⓓ দরিদ্রতাই আমাদের প্রধান সমস্যা

(ব্যাখ্যা) শুদ্ধবাক্য : দারিদ্র্য/দরিদ্রতা আমাদের প্রধান সমস্যা।

১৩. 'তপোবন' কোন সমাস?
ⓚ দ্বন্দ্ব সমাস ⓑ চতুর্থী তৎপুরুষ সমাস
ⓖ প্রাদি সমাস ⓓ বহুব্রীহি সমাস

(ব্যাখ্যা) পূর্বপদে চতুর্থী বিভক্তি (কে, জন্য, নিমিত্ত ইত্যাদি) লোপে যে সমাস হয়, তাকে চতুর্থী তৎপুরুষ সমাস বলে। যথা—গুরুকে ভক্তি = গুরুভক্তি, আরামের জন্য কেদারা = আরামকেদারা, তপের নিমিত্ত বন = তপোবন ইত্যাদি।

১৪. সন্ধির প্রধান কাজ কী?
ⓚ ধ্বনি পরিবর্তন ⓑ অর্থের পরিবর্তন
ⓖ পদের পরিবর্তন ⓓ বাক্য সংকোচন

(ব্যাখ্যা) 'সন্ধি' হলো ধ্বনিতত্ত্বের একটি আলোচ্য বিষয়। তাই ধ্বনির পরিবর্তন, ধ্বনিগত মাধুর্য সম্পাদন, ধ্বনির উচ্চারণে সহজপ্রবণতা ইত্যাদি সন্ধির মাধ্যমে সম্পাদিত হয়।

১৫. সমাস গঠন প্রক্রিয়ায় সমাসবদ্ধ বা সমাসনিষ্পন্ন পদটির নাম কী?
ⓚ সমস্যমান পদ ⓑ সমস্তপদ
ⓖ ব্যাসবাক্য ⓓ উত্তরপদ

উত্তর

| | |
|---|---|
| ১ | খ |
| ২ | গ |
| ৩ | Note |
| ৪ | খ |
| ৫ | ঘ |
| ৬ | গ |
| ৭ | ঘ |
| ৮ | ক |
| ৯ | গ |
| ১০ | ক |
| ১১ | খ |
| ১২ | গ |
| ১৩ | খ |
| ১৪ | ক |
| ১৫ | খ |

VIsionapps10
CamScanner

**ব্যাখ্যা** সমাসের প্রক্রিয়ায় সমাসবদ্ধ বা সমাসনিষ্পন্ন পদটির নাম সমস্ত পদ। সমস্ত পদ বা সমাসবদ্ধ পদটির অন্তর্গত পদগুলোকে সমস্যমান পদ বলে। সমাসযুক্ত পদের প্রথম অংশকে বলা হয় পূর্বপদ এবং পরবর্তী অংশকে বলা হয় উত্তরপদ বা পরপদ।

১৬. 'তিলে তৈল হয়' বাক্যে 'তিলে' কোন কারক?
ক কর্ম কারক খ করণ কারক
গ অপাদান কারক ঘ অধিকরণ কারক

**ব্যাখ্যা** যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয় তাকেই অপাদান কারক বলে। যেমন— তিলে তৈল হয়, সুক্তি থেকে মুক্তো মেলে, পাপে বিরত হও, রেলগাড়িটি স্টেশন ছেড়েছে।

১৭. 'সিংহাসন' কোন সমাস?
ক দ্বন্দ্ব সমাস খ মধ্যপদলোপী কর্মধারয়
গ মধ্যপদলোপী বহুব্রীহি ঘ অব্যয়ীভাব সমাস

**ব্যাখ্যা** যে কর্মধারয় সমাসে ব্যাসবাক্যের মধ্যপদের লোপ হয়, তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। যথা— সিংহ চিহ্নিত আসন = সিংহাসন, সাহিত্য বিষয়ক সভা = সাহিত্যসভা, স্মৃতি রক্ষার্থে সৌধ = স্মৃতিসৌধ।

১৮. 'রেলগাড়িটি স্টেশন ছেড়েছে' বাক্যে 'স্টেশন' কোন কারকে কোন বিভক্তি?
ক অপাদানে শূন্য খ করণে শূন্য
গ কর্তায় শূন্য ঘ অধিকরণে শূন্য

**ব্যাখ্যা** যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয় তাকেই অপাদান কারক বলে। যেমন— তিলে তৈল হয়, সুক্তি থেকে মুক্তো মেলে, পাপে বিরত হও, রেলগাড়িটি স্টেশন ছেড়েছে।

১৯. 'মেঘের ধ্বনি'-এর বাক্য সংকোচন কোনটি?
ক মৃন্ময় খ জীমূতমন্দ্র গ জীমূতেন্দ্র ঘ শানকি

**ব্যাখ্যা** এককথায় প্রকাশ : মেঘের ধ্বনি = জীমূতমন্দ্র, যা মাটির তৈরি = মৃন্ময়। শানকি অর্থ মাটির থালা।

২০. 'সপ্তকাণ্ড রামায়ণ' বাগধারাটির অর্থ কী?
ক বৃহৎ বিষয় খ গ্রন্থ
গ ছোটগল্প ঘ কোনোটিই নয়

**ব্যাখ্যা** 'সপ্তকাণ্ড রামায়ণ' বাগধারার অর্থ বৃহৎ বিষয়। বাগধারাটির বাক্যে ব্যবহার—সপ্তকাণ্ড রামায়ণ না আওড়ে আসল কথাটাই বল।

২১. 'সিঁদুরে মেঘ' বাগধারাটির অর্থ কী?
ক বড় বিপদ খ অল্পে ভয়
গ বিপদের আশঙ্কা ঘ আকাশ লাল

**ব্যাখ্যা** 'সিঁদুরে মেঘ' বাগধারাটির অর্থ অল্পে ভয়। সিঁদুরে সংকোচিত বাগধারার অর্থ সামনেই বিপদ বা আসন্ন ঝামেলা।

২২. 'লবণ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক লে + অন খ লব + অন
গ লো + অন ঘ ল + বন

**ব্যাখ্যা** এ, ঐ, ও, ঔ - কারের পর এ, ঐ স্থানে যথাক্রমে অয়, আয় এবং ও ঔ স্থানে যথাক্রমে অব ও আব হয়। যথা— লো + অন = লবণ, নে + অন = নয়ন, নৈ + অক = নায়ক, পৌ + অক = পাবক।

২৩. নিচের কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?
ক কুলটা খ যোগিনী গ রজকী ঘ চাতকী

**ব্যাখ্যা** নিত্য স্ত্রীবাচক শব্দ—সতী, অর্ধাঙ্গিনী, কুলটা, বিধবা, অসূর্যম্পশ্যা, অরক্ষণীয়া, সপত্নী, সতীন ইত্যাদি। অন্যদিকে, রজক—রজকী/রজকিনী, চাতক—চাতকী, যোগী—যোগিনী।

২৪. 'কালসাপ' কোন সমাস?
ক নিত্য সমাস খ দ্বন্দ্ব সমাস
গ বহুব্রীহি সমাস ঘ কর্মধারয় সমাস

**ব্যাখ্যা** কাল (বিষাক্ত) তুল্য সাপ (কালো বর্ণের নয়)= কালসাপ, নিত্য সমাস। যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের দরকার হয় না, তাকে নিত্যসমাস বলে। যেমন—অন্য গ্রাম = গ্রামান্তর।

২৫. 'Watery grave'-এর অর্থ কী?
ক পানির নালা খ সলিল সমাধি
গ পানিযুক্ত কবর ঘ কোনোটিই নয়

২৬. মানবজাতি এখন সংকটাপন্ন।
ক Mankind are at a stake now. খ Mankind are at stake now.
গ Mankind is at stake now. ঘ Men are at stake now.

**ব্যাখ্যা** Mankind অর্থ মানবজাতি। 'Mankind' word টি uncountable হিসেবে গণ্য। সুতরাং এর পর singular form বসে। যেহেতু at stake অর্থ সংকটাপন্ন। সুতরাং মানবজাতি এখন সংকটাপন্ন-এর ইংরেজি : Mankind is at stake now।

২৭. তার কোনো বন্ধু নাই বললেই চলে।
ক He has no friends. খ He has a few friends.
গ He has few friends. ঘ He does not have any friend.

**ব্যাখ্যা** নাবোধক অর্থে few আর স্বল্পসংখ্যক হ্যাঁবোধক অর্থে a few ব্যবহৃত হয়। 'তার কোনো বন্ধু নেই বললেই চলে'-এর ইংরেজি : He has few friends।

২৮. বিনয় মহত্ত্বের ভূষণ।
ক Modesty is the embellishment of greatness.
খ Modesty is greatness.
গ Modesty is great embellishment.
ঘ Modesty is embellishment to greatness.

**ব্যাখ্যা** বিনয়ের ইংরেজি modesty এবং 'মহত্ত্বের ভূষণ'-এর ইংরেজি the embellishment of greatness। সুতরাং 'বিনয় মহত্ত্বের ভূষণ'-এর ইংরেজি Modesty is the embellishment of greatness।

২৯. What is the antonym of 'agile'?
ক active খ nimble গ lively ঘ lazy

**ব্যাখ্যা** Agile (ক্ষিপ্র, চটপটে, ক্ষিপ্রগতি)-এর বিপরীত শব্দ হলো lazy (অলস, শ্রমবিমুখ)। Active অর্থ কর্মঠ, nimble অর্থ ক্ষিপ্রগামী আর lively অর্থ হাসিখুশি।

৩০. The antonym of 'optimism' is—
ক Pessimism খ Opportunities
গ Pestilence ঘ Opulence

**ব্যাখ্যা** Optimism (সবকিছুর শেষে অশুভকে পরাজিত করে শুভ জয়ী হবে-এই বিশ্বাস, শুভবাদ, আশাবাদ, ভালো দিক দেখার প্রবণতা)-এর বিপরীত শব্দ pessimism (দুঃখবাদ)। Opportunities অর্থ সুযোগ সুবিধা, pestilence অর্থ প্লেগের মতো মারাত্মক মহামারী ব্যাধি আর opulence অর্থ প্রাচুর্যতা।

| উত্তর | |
|---|---|
| ১৬ | গ |
| ১৭ | খ |
| ১৮ | ক |
| ১৯ | খ |
| ২০ | ক |
| ২১ | খ |
| ২২ | গ |
| ২৩ | ক |
| ২৪ | ক |
| ২৫ | খ |
| ২৬ | গ |
| ২৭ | গ |
| ২৮ | ক |
| ২৯ | ঘ |
| ৩০ | ক |

VIsionapps10 CamScanner

৩১. What is the synonym of 'alliance'?

ক Enmity   খ Alien

গ Association   ঘ Separation

ব্যাখ্যা Alliance (মৈত্রী)-এর সমার্থক শব্দ হলো association (সংযোগ, সমিতি)। Enmity অর্থ শত্রুতা, alien অর্থ পরদেশি আর separation অর্থ পৃথকীকরণ।

৩২. The synonym of 'annihilate' is—

ক restore   খ preserve   গ safe   ঘ destroy

ব্যাখ্যা Annihilate এবং destroy শব্দদ্বয়ের অর্থ ধ্বংস করা। Restore অর্থ ফিরিয়ে আনা, preserve অর্থ সংরক্ষণ করা আর safe অর্থ নিরাপদ।

৩৩. Verb form of 'false' is—

ক falsify   খ falsely

গ falsification   ঘ falcify

ব্যাখ্যা False (অসত্য; মিথ্যা)-এর verb form হলো falsify (জাল করা, মিথ্যা বর্ণনা দেওয়া, অন্যায়ভাবে ভুল ধরা)। Falsification (জালকরণ) হলো noun form এবং falsely (মিথ্যাভাবে) হলো adverb form।

৩৪. Adverb form of 'heart' is—

ক heartened   খ heartily

গ hearty   ঘ heartening

ব্যাখ্যা Heart (হৃৎপিণ্ড, হৃদয়)-এর adverb form হলো heartily (আন্তরিকভাবে, সাগ্রহে)। Heart-এর verb form হলো hearten (উৎসাহ দেওয়া, উদ্দীপিত করা)।

৩৫. Adjective form of 'courage' is—

ক encourage   খ courageous

গ curiosity   ঘ courageable

ব্যাখ্যা Courage শব্দটি noun, যার অর্থ সাহস, মনোবল। Courage-এর adjective form হলো courageous (সাহসী)। শব্দটির verb form হলো encourage (সাহস জোগানো)।

৩৬. What is the verb form of 'ability'?

ক ableness   খ enable

গ ably   ঘ able

ব্যাখ্যা Ability (সক্ষমতা)-এর verb form হলো enable (সক্ষম করা, ক্ষমতা প্রদান করা)। অন্যদিকে ability-এর adjective form হলো able (সক্ষম), আর adverb form হলো ably (সক্ষমভাবে)।

৩৭. It's time you— your mistakes.

ক realised   খ realise

গ had realised   ঘ have realised

ব্যাখ্যা It is time, it is high time-এর পর sub আসলে অর্থাৎ clause ব্যবহৃত হলে sub-এর পর verb-এর past form ব্যবহৃত হয়। সুতরাং verb-এর past form realised শূন্যস্থানে বসবে। প্রদত্ত বাক্যের বাংলা : তোমার ভুল উপলব্ধি করার এখনই সময়।

৩৮. Jamal walks as if he— lame.

ক is   খ has been

গ were   ঘ was

ব্যাখ্যা As if-এর পূর্বের clause টি Present Indefinite Tense এ ব্যবহৃত হওয়ায় as if-এর পরে be verb, sub যাই হোক না কেন were হবে। প্রদত্ত বাক্যের বাংলা : সে এমনভাবে হাঁটে যেন সে খোঁড়া।

৩৯. Uneasy lies the head that— a crown.

ক wear   খ wears

গ puts   ঘ keep

ব্যাখ্যা 'Uneasy lies the head that wears a crown' একটি প্রবাদ বাক্য, যার অর্থ : যে শিরে মুকুট থাকে সে শির স্বস্তিতে থাকে না; অথবা, মুকুট না মাথাদের জ্বালা। That পূর্বেরটি noun টি singular হওয়ায় that পরবর্তী verb টিও singular form অর্থাৎ wears হবে।

৪০. Read diligently lest you— fail in the examination.

ক should   খ will

গ shall   ঘ must

ব্যাখ্যা Lest (পাছে)-এর পরের clause এ should + verb-এর base form ব্যবহৃত হয়। Should যোগে বাক্যের বাংলা : পরিশ্রমের সাথে পড়াশোনা কর পাছে পরীক্ষায় ফেল করবে।

৪১. He — me while I was reading.

ক interrupts   খ interrupted

গ is interrupting   ঘ interrupting

ব্যাখ্যা While যুক্ত Clause টি past continuous tense-এ হলে অপর Clause টি past indefinite tense-এ হবে। Interrupt (বাধাগ্রস্ত করা, বিঘ্নিত করা)-এর past form হলো interrupted।

৪২. Corruption is one of the worst evils. (Positive)

ক Very few evils is as bad as corruption.

খ No other evils are as bad as corruption.

গ No other evil is as bad as corruption.

ঘ Very few evils are as bad as corruption.

ব্যাখ্যা One of the + adjective-এর superlative form plural noun যুক্ত superlative degree টি positive করতে structure হবে : very few + plural noun + are + as + adjective-এর positive form + as + sub। সুতরাং বাক্যটির positive degree হলো : Very few evils are as bad as corruption।

৪৩. We should read books to gain knowledge. (Make it complex)

ক We should read books for gaining knowledge

খ We should read books and gain knowledge.

গ We should read books so that we can gain knowledge.

ঘ We want to gain knowledge and so we should read books.

উত্তর

| | |
|---|---|
| ৩১ | গ |
| ৩২ | ঘ |
| ৩৩ | ক |
| ৩৪ | খ |
| ৩৫ | খ |
| ৩৬ | খ |
| ৩৭ | ক |
| ৩৮ | গ |
| ৩৯ | খ |
| ৪০ | ক |
| ৪১ | খ |
| ৪২ | ঘ |
| ৪৩ | গ |

VIsionapps10

**ব্যাখ্যা** *Infinitive (to + verb) যুক্ত বাক্যকে complex করতে হলে so that + sub + can/could + verb-এর base form + extension ব্যবহৃত হয় আর infinitive-এর পূর্বের clause টি অপরিবর্তিত থাকে। সুতরাং প্রদত্ত বাক্যটির complex form হলো We should read books so that we can gain knowledge।*

৪৪. 'Please, keep quiet.' (Make it passive)
(ক) You are told for keeping quiet.
(খ) You are requested to keep quiet.
(গ) You are requested for keep quiet.
(ঘ) You are told to keep quiet

**ব্যাখ্যা** *Please অথবা kindly যুক্ত imperative বাক্য-কে passive voice-এ রূপান্তর করতে please অথবা kindly-এর পরিবর্তে You are requested to + principal verb-এর বাকি অংশ অপরিবর্তিত রাখতে হবে।*

৪৫. Trees are considered one of our best friends. (Make it active)
(ক) It is tree which is our best friend.
(খ) Trees are our best friends.
(গ) We considered trees one of our best friends.
(ঘ) We consider trees one of our best friend.

**ব্যাখ্যা** *Present Indefinite passive voice টির active voice-এর structure : যথোপযুক্ত sub (we, people, someone) + tense অনুযায়ী main verb-এর রূপ + sub-এর obj + বাকি অংশ। সুতরাং বাক্যটির active form হলো : We consider trees one of our best friend (প্রশ্নে ভুল আছে friend-এর স্থলে friends হবে)।*

৪৬. Cricket is a very exciting game. (Make it Exclamatory)
(ক) Hurrah! cricket is an exciting game.
(খ) How exciting game is cricket!
(গ) How exciting is cricket when it plays!
(ঘ) What an exciting game cricket is!

**ব্যাখ্যা** *A এবং an articile যুক্ত affirmative বাক্যের exclamatory sentence-এর structure হলো What + a/an + adjective + noun + subject + verb + exclamatory sign। সুতরাং প্রদত্ত বাক্যের exclamatory sentence হলো– What an exciting game cricket is!*

৪৭. The word 'Banish' means—
(ক) exile (খ) emerge
(গ) drive away (ঘ) expel

**ব্যাখ্যা** *Banish এবং exile অর্থ নির্বাসিত/বিতাড়িত করা। Emerge অর্থ প্রকাশিত হওয়া, drive away অর্থ তাড়িয়ে দেওয়া, Expel অর্থ বহিষ্কার বা বিতাড়িত করা।*

৪৮. 'A cock and bull story' means—
(ক) an animal story (খ) a story about a cock and a bull
(গ) a tragedy (ঘ) a false story

**ব্যাখ্যা** *'A cock and bull story' idiom টির বাংলা অর্থ গাঁজাখুরি গল্প বা মিথ্যা গল্প (a false story)।*

৪৯. 'Big bug' means—
(ক) terrorist (খ) a large bug
(গ) important person (ঘ) a large insect

**ব্যাখ্যা** *'Big bug' অর্থ প্রভূত ক্ষমতা ও প্রভাবশালী ব্যক্তি। Big bug-এর অর্থ প্রকাশ পায় important person দ্বারা। Terrorist অর্থ সন্ত্রাসী, a large bug অর্থ বড় ছারপোকা আর a large insect অর্থ বড় পতঙ্গ।*

৫০. 'At a stretch' means—
(ক) without break (খ) stretch mark
(গ) long way (ঘ) decay

**ব্যাখ্যা** *At a stretch-এর অর্থ বিরামহীনভাবে (without break)। Stretch দ্বারা গঠিত কয়েকটি Phrase হলো at full stretch (পুরোপুরি টান টান বা কর্মরত অবস্থা); by the stretch of law/regulation (আইন বা বিধির আওতা বাড়িয়ে)।*

৫১. $\frac{x}{y}$ এর সাথে কত যোগ করলে যোগফল $\frac{y}{x}$ হবে?
(ক) $\frac{x^2-y^2}{xy}$ (খ) $\frac{2x^2-y^2}{xy}$
(গ) $\frac{y^2-x^2}{xy}$ (ঘ) $\frac{x^2-2y^2}{xy}$

**ব্যাখ্যা** $\frac{y}{x}-\frac{x}{y}=\frac{y^2-x^2}{xy}$

৫২ প্রথম ও দ্বিতীয় সংখ্যার গুণফল ৩৫ এবং দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার গুণফল ৬৩। দ্বিতীয় সংখ্যাটি কত?
(ক) ৫ (খ) ৬ (গ) ৭ (ঘ) ৮

**ব্যাখ্যা** ৫ × ৭ = ৩৫, ৭ × ৯ = ৬৩

৫৩. $x^2-11x+30$ এবং $x^3-4x^2-2x-15$ এর গ. সা. গু. কত?
(ক) $x-5$ (খ) $x-6$
(গ) $x^2+x+3$ (ঘ) $x^2-x-3$


**ব্যাখ্যা** ১ম রাশি,
$x^2-11x+30$
$=x^2-6x-5x+30$
$=x(x-6)-5(x-6)$
$=(x-6)(x-5)$
২য় রাশি,
$x^3-4x^2-2x-15$
$=x^3-5x^2+x^2-5x+3x-15$
$=x^2(x-5)+x(x-5)+3(x-5)$
$=(x-5)(x^2+x+3)$
∴ গ. সা. গু. $=(x-5)$

৫৪. একটি সমবাহু ত্রিভুজের পরিসীমা 9 সে.মি. হলে, এর উচ্চতা কত সে.মি.?
(ক) $\frac{3\sqrt{3}}{2}$ (খ) $2\sqrt{3}$ (গ) $4\sqrt{3}$ (ঘ) $\frac{3\sqrt{3}}{4}$

| উত্তর | |
|---|---|
| ৪৪ | খ |
| ৪৫ | ঘ |
| ৪৬ | ঘ |
| ৪৭ | ক |
| ৪৮ | ঘ |
| ৪৯ | গ |
| ৫০ | ক |
| ৫১ | গ |
| ৫২ | গ |
| ৫৩ | ক |
| ৫৪ | ক |

VIsionapps10
CamScanner

ব্যাখ্যা




বাহু = a হলে, পরিসীমা, $3a = 9$

$\Rightarrow a = 3$

উচ্চতা, $AD = \sqrt{AB^2 - BD^2}$

$= \sqrt{9 - \frac{9}{4}}$

$= \sqrt{\frac{36-9}{4}}$

$= \sqrt{\frac{27}{4}}$

$= \frac{3\sqrt{3}}{2}$

৫৫. $a:b = 2:3$ এবং $b:c = 6:7$ হলে $a:c$ = কত?

ⓚ 2:6 ⓚ 3:7 ⓖ 2:7 ⓖ 4:7

(ক) 2:6 (খ) 3:7 (গ) 2:7 (ঘ) 4:7

ব্যাখ্যা $a:b = 2:3 = 12:18$

$b:c = 6:7 = 18:21$

$\therefore a:b:c = 12:18:21$

$\Rightarrow a:c = 12:21 = 4:7$

৫৬. $\log_{\sqrt{2}} 16$ = কত?

(ক) 9 (খ) 8 (গ) 6 (ঘ) 4

ব্যাখ্যা $\log_{\sqrt{2}} 16$

$= \log_{\sqrt{2}} (\sqrt{2})^8$

$= 8 \log_{\sqrt{2}} (\sqrt{2}) = 8.1 = 8$

৫৭. টাকায় ৬টি লেবু ক্রয় করে টাকায় ৫টি লেবু বিক্রয় করলে লাভের হার কত?

(ক) ১৫% (খ) ২০% (গ) ২৫% (ঘ) ৩০%

ব্যাখ্যা লাভ $= \frac{১}{৫} - \frac{১}{৬} = \frac{১}{৩০}$

$\therefore$ লাভের হার $= \frac{১}{৩০} \times \frac{৬}{১} \times ১০০$

$= ২০\%$

৫৮. $x^2 - y(y-2) - 1$ এর উৎপাদক নিচের কোনটি?

(ক) $(x-y-1)(x-y+1)$ (খ) $(x-y+1)(x+y-1)$

(গ) $(x+y+1)(x-y-1)$ (ঘ) $(x-y)(x+y+1)$

ব্যাখ্যা $x^2 - y(y-2) - 1$

$= x^2 - y^2 + 2y - 1$

$= x^2 - (y^2 - 2y + 1)$

$= x^2 - (y-1)^2$

$= (x+y-1)(x-y+1)$

৫৯. একটি সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয়ের পার্থক্য ৮°। ক্ষুদ্রতম কোণের মান কত?

(ক) ৩২° (খ) ৩৮° (গ) ৪২° (ঘ) ৪৮°

ব্যাখ্যা উভয় কোণদ্বয়ের সমষ্টি ৯০°। বড় কোণ $x$ এবং ছোট কোণ $y$ হলে,

$x + y = ৯০°$ ...... (i)

$x - y = ৮°$ ......... (ii)

(i) নং থেকে (ii) নং বিয়োগ করে পাই, $y = ৪২°$

৬০. $x^4 - x^2 - 1 = 0$ হলে, $x^2 - \frac{1}{x^2}$ = কত?

(ক) 0 (খ) 1 (গ) 2 (ঘ) 4

ব্যাখ্যা $x^4 - x^2 - 1 = 0$

$\Rightarrow x^2 - 1 - \frac{1}{x^2} = 0$ [$x^2$ দ্বারা ভাগ করে]

$\Rightarrow x^2 - \frac{1}{x^2} = 1$

৬১. $4(x+y)$, $10(x-y)$ এবং $12(x^2-y^2)$ এর গ. সা. গু. কত?

(ক) $x - y$ (খ) $x + y$

(গ) $12(x^2 - y^2)$ (ঘ) 2

ব্যাখ্যা ১ম রাশি $= 4(x+y)$

$= 2.2(x+y)$

২য় রাশি $= 10(x-y) = 2.5(x-y)$

৩য় রাশি $= 12(x^2-y^2)$

$= 2.2.3(x+y)(x-y)$


তিনটি রাশিকে শুধুমাত্র 2 দ্বারা ভাগ করা যায়।

৬২. O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে OD, AB জ্যা-এর উপর লম্ব। AD = 3 সেমি হলে AB = কত সেমি?

(ক) 3 সেমি. (খ) 4 সেমি

(গ) 5 সেমি. (ঘ) 6 সেমি.

ব্যাখ্যা কেন্দ্র থেকে অংকিত লম্ব জ্যাকে সমদ্বিখণ্ডিত করে।




$\therefore AB = 2AD = 2 \times 3 = 6$ সেমি।

৬৩. ২৮° কোণের সম্পূরক কোণের অর্ধেক কত?

(ক) ৬০° (খ) ৪০° (গ) ৭৬° (ঘ) ৩১°

ব্যাখ্যা দুটি কোণের সমষ্টি ১৮০° হলে একটিকে অপরটির সম্পূরক কোণ বলে।

মনে করি, সম্পূরক কোণ $= x$

$\therefore x + ২৮° = ১৮০° \Rightarrow x = ১৫২°$

$\therefore \frac{x}{২} = \frac{১৫২°}{২} = ৭৬°$

উত্তর

| | |
|---|---|
| ৫৫ | ঘ |
| ৫৬ | খ |
| ৫৭ | খ |
| ৫৮ | খ |
| ৫৯ | গ |
| ৬০ | খ |
| ৬১ | ঘ |
| ৬২ | ঘ |
| ৬৩ | গ |

VIsionapps10
CamScanner

৬৪. দুটি সংখ্যার বর্গের সমষ্টি 13 এবং গুণফল 6 হলে, সংখ্যা দুটির বর্গের অন্তর কত?
ক 4   খ 5   গ 6   ঘ 7

ব্যাখ্যা $a^2-b^2=\sqrt{(a^2+b^2)^2-4a^2b^2}$
$=\sqrt{(13)^2-4.(ab)^2}$
$=\sqrt{169-4.(6)^2}$
$=\sqrt{169-4.36}$
$=\sqrt{169-144}$
$=\sqrt{25}$
$=5$

৬৫. $\sqrt[3]{\sqrt[3]{x^3}}$ = কত?
ক $x^{\frac{1}{2}}$   খ $x^{\frac{1}{3}}$   গ $x^{\frac{2}{3}}$   ঘ $x^{\frac{3}{2}}$

ব্যাখ্যা $\sqrt[3]{\sqrt[3]{x^3}}$
$=\sqrt[3]{(x^3)^{\frac{1}{3}}}=\sqrt[3]{x}=x^{\frac{1}{3}}$

৬৬. একটি ঘনকের প্রতিটি ধার 5 সে.মি. হলে কর্ণের দৈর্ঘ্য কত?
ক $5\sqrt{3}$ সেমি   খ $3\sqrt{5}$ সেমি
গ $5\sqrt{5}$ সেমি   ঘ $5\sqrt{2}$ সেমি

ব্যাখ্যা ঘনকের কর্ণ $=\sqrt{5^2+5^2+5^2}$
$=\sqrt{3.5^2}$
$=5\sqrt{3}$

৬৭. শতকরা বার্ষিক 12 টাকা হার মুনাফায় 500 টাকার কত বছরের সরল মুনাফা 360 টাকা হবে?
ক 5 বছর   খ 6 বছর   গ 3 বছর   ঘ 2 বছর

ব্যাখ্যা $I=pnr$
$\Rightarrow n=\frac{I}{pr}$
$=\frac{360\times100}{500\times12}$
$=6$ বছর

এখানে, $I=360$
$r=\frac{12}{100}$
$p=500$

৬৮. 3 + 6 + 9 + ____ ধারাটির কততম পদ 33?
ক 10   খ 12   গ 11   ঘ 13

ব্যাখ্যা সমান্তর ধারার, প্রথম পদ, $a=3$
সাধারণ অন্তর, $d=3$
মনে করি, $n$ তম পদ = 33
$\therefore a+(n-1)d=33$
$\Rightarrow 3+(n-1)3=33$
$\Rightarrow 1+n-1=11$
$\Rightarrow n=11$

৬৯. একটি কলম 10% লাভে বিক্রয় করা হলো। কলমটির বিক্রয়মূল্য ও ক্রয় মূল্যের অনুপাত কত?
ক 11 : 10   খ 9 : 10   গ 10 : 11   ঘ 10 : 9

ব্যাখ্যা 10% লাভে বিক্রয়মূল্য (100 + 10) = 110 টাকা
$\therefore$ বিক্রয়মূল্য : ক্রয়মূল্য = 110 : 100
= 11 : 10

৭০. ৩০০০ এর শতকরা ৫ ভাগ অপেক্ষা ৩০০০ এর শতকরা ১০ ভাগ কত বেশি?
ক ১৭৫   খ ১৬০   গ ১৫০   ঘ ১০০

ব্যাখ্যা $৩০০০\times\frac{১০}{১০০}-৩০০০\times\frac{৫}{১০০}$
= ৩০০ − ১৫০
= ১৫০


৭১. $f(x)=2x^2+3x-1$ হলে $f(0)$ = কত?
ক 6   খ 4   গ 1   ঘ −1

ব্যাখ্যা $f(x)=2x^2+3x-1$
$\therefore f(0)=2.0^2+3.(0)-1$
$=0+0-1$
$=-1$

৭২. $2^{x+1}=32$ হলে x এর মান কত?
ক 4   খ 3   গ 2   ঘ 1

ব্যাখ্যা $2^{x+1}=32$
$\Rightarrow 2^{x+1}=2^5$
$\Rightarrow x+1=5$
$\Rightarrow x=5-1$
$\therefore x=4$

৭৩. ABCD সামান্তরিকের DC বাহুকে E পর্যন্ত বর্ধিত করা হলো। $\angle BAD$ = ১০০° হলে, $\angle BCE$ = কত?
ক ১০০°   খ ৯০°   গ ৮০°   ঘ ৬২°

ব্যাখ্যা



সামান্তরিকের বিপরীত কোণদ্বয় সমান
$\angle BAD$ = ১০০° = $\angle BCD$
আবার, $\angle BCD$ − $\angle x$ = ১৮০°
$\Rightarrow \angle x$ = ১৮০° − $\angle BCD$
= ১৮০° − ১০০°
= ৮০°

৭৪. ঘন্টায় ৬০ কিলোমিটার বেগে ১০০ মিটার দীর্ঘ একটি ট্রেনের ৩০০ মিটার দীর্ঘ একটি প্লাটফর্ম অতিক্রম করতে কত সময় লাগবে?
ক ২০ সেকেন্ড   খ ২৪ সেকেন্ড
গ ২০ মিনিট   ঘ ২৪ মিনিট

উত্তর

| | |
|---|---|
| ৬৪ | খ |
| ৬৫ | খ |
| ৬৬ | ক |
| ৬৭ | খ |
| ৬৮ | গ |
| ৬৯ | ক |
| ৭০ | গ |
| ৭১ | ঘ |
| ৭২ | ক |
| ৭৩ | গ |
| ৭৪ | খ |

VIsionapps10

ব্যাখ্যা বেগ, V = ৬০ কিলোমিটার/ঘণ্টা

$$= ৬০ \times \frac{৫}{১৮} \text{ মি/সে}$$

$$= \frac{৫০}{৩}$$

ট্রেনকে মোট অতিক্রম করতে হবে, s = (৩০০ + ১০০) = ৪০০ মি।

$$\therefore \text{সময়, } t = \frac{s}{v} = \frac{৪০০}{\frac{৫০}{৩}}$$

$$= ৪০০ \times \frac{৩}{৫০}$$

= ২৪ সেকেন্ড।

**৭৫. একটি কোণের মান তার পূরক কোণের মানের অর্ধেকের সমান। কোণটির মান কত?**

ক 60° খ 45° গ 30° ঘ 25°

ব্যাখ্যা কোণটি x হলে, তার পূরক কোণ = 90° − x

$$\therefore \text{প্রশ্নমতে, } x = \frac{90° - x}{2}$$

$\Rightarrow 2x = 90° - x$

$\Rightarrow 2x + x = 90°$

$\Rightarrow 3x = 90°$

$\Rightarrow x = 30°$

**৭৬. সর্বপ্রথম 'বঙ্গ' দেশের নাম পাওয়া যায় যে গ্রন্থে−**

ক আইন-ই-আকবরী খ বাঙালির ইতিহাস
গ ঐতরেয় আরণ্যক ঘ রঘুবংশ

ব্যাখ্যা 'ঐতরেয় আরণ্যক' হলো আদি বৈদিক ধর্মগ্রন্থ। এ গ্রন্থের ঋষি হলেন ঐতরেয় মহীদাস। এ গ্রন্থেই সর্বপ্রথম মগধের সাথে 'বঙ্গ' নামক একটি জনগোষ্ঠীর কথা উল্লিখিত আছে। যারা আর্য সভ্যতার সীমার বাইরে বসবাস করত এবং কলিঙ্গের পাশেই ছিল যাদের অবস্থান।

**৭৭. চাকমাদের বর্ষবরণ অনুষ্ঠানকে বলা হয়−**

ক সাংগ্রেন খ বিজু গ তনচংগা ঘ নও উৎসব

ব্যাখ্যা চাকমাদের বর্ষবরণ অনুষ্ঠানকে বলা হয় বিজু। ত্রিপুরা ও মারমাদের বর্ষবরণ অনুষ্ঠান যথাক্রমে— বৈসুক ও সাংগ্রাই। এ তিন বর্ষবরণ অনুষ্ঠানকে একত্রে বৈসাবি বলা হয়।

**৭৮. মহান মুক্তিযুদ্ধের সময় ঢাকা কত নম্বর সেক্টরের অধীন ছিল?**

ক ১নং খ ৩নং গ ২নং ঘ ১০নং

[Note: মহান মুক্তিযুদ্ধের সময় ঢাকা শহর ২নং সেক্টর ও ঢাকা জেলা ২ নং ও ৩নং সেক্টরের অধীনে ছিল।]

**৭৯. জাপানের বৈদেশিক সাহায্য সংস্থার নাম কী?**

ক জাইকা খ ডিএফআইডি
গ ডানিডা ঘ ওসিডি

ব্যাখ্যা জাপানের বৈদেশিক সাহায্য সংস্থার নাম জাইকা (JICA)। JICA-এর পূর্ণরূপ—Japan International Cooperation Agency।

**৮০. বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?**

ক মানিকগঞ্জ খ রংপুর
গ ঢাকা ঘ পাবনা

ব্যাখ্যা বাংলাদেশ প্রতিষ্ঠার পর ১৯৭৪ সালে প্রতিষ্ঠিত হয় বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট। পাট গবেষণা ইনস্টিটিউটের সদর দপ্তর ঢাকায় অবস্থিত।

**৮১. SPARRSO কোন মন্ত্রণালয়ের অধীন?**

ক শিল্প মন্ত্রণালয় খ শিক্ষা মন্ত্রণালয়
গ পরিবেশ মন্ত্রণালয় ঘ প্রতিরক্ষা মন্ত্রণালয়

ব্যাখ্যা SPARRSO-এর পূর্ণরূপ— Bangladesh Space Research and Remote Sensing Organization। এটি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশের মহাকাশ গবেষণা প্রতিষ্ঠান। এটি প্রতিষ্ঠিত হয় ১৯৮০ সালে এবং সদর দপ্তর ঢাকার আগারগাঁওয়ে অবস্থিত।

**৮২. NATO কোন ধরনের জোট?**

ক অর্থনৈতিক খ পরিবেশগত
গ রাজনৈতিক ঘ সামরিক

ব্যাখ্যা NATO-এর পূর্ণরূপ—North Atlantic Treaty Organization। তৎকালীন সোভিয়েত ইউনিয়নকে সামরিক দিক থেকে চ্যালেঞ্জ করতে যুক্তরাষ্ট্র আটলান্টিক তীরের দেশগুলো নিয়ে গড়ে তোলে সামরিক জোট NATO। এটি ৪ এপ্রিল ১৯৪৯ গঠিত হয়।

**৮৩. ভারত ও আফগানিস্তানের মধ্যকার সীমানা চিহ্নিত লাইন—**

ক ডুরান্ড লাইন খ র‍্যাডক্লিফ লাইন
গ এলওসি ঘ ম্যাজিনো লাইন

[Note: বর্তমানে ভারত ও আফগানিস্তানের মাঝে কোনো সীমারেখা নেই। স্যার হেনরি মর্টিমার ডুরান্ড কর্তৃক ১৮৯৬ সালে তৎকালীন ভারতবর্ষ ও আফগানিস্তানের মাঝে ডুরান্ড লাইন নামে সীমারেখা চিহ্নিত হয়। এটি বর্তমানে পাকিস্তান ও আফগানিস্তানের মাঝে সীমানা চিহ্নিতকারী লাইন।]

**৮৪. 'বাংলাদেশ স্কয়ার' কোথায় অবস্থিত?**

ক লাইবেরিয়া খ কঙ্গো গ সোমালিয়া ঘ সুদান

ব্যাখ্যা লাইবেরিয়ায় শান্তি রক্ষা মিশনে থাকা বাংলাদেশের সেনাসদস্যরা ২০০৮ সালে অবসর কাটানোর জন্য একটি শিক্ষামূলক স্থাপনা নির্মাণ করেন যা বাংলাদেশ স্কয়ার নামে পরিচিত।

**৮৫. বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়—**

ক ১০ জুলাই খ ৫ জুন
গ ২৪ সেপ্টেম্বর ঘ ১২ এপ্রিল

ব্যাখ্যা বিশ্বব্যাপী রাজনৈতিক কর্মোদ্যোগে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়। এ দিবসটি প্রথম পালিত হয় ১৯৭৪ সালে।

**৮৬. সংবিধানের ১৫ অনুচ্ছেদের বিষয়বস্তু কী?**

ক জনস্বাস্থ্য ও নৈতিকতা খ সুযোগের সমতা
গ জাতীয় সংস্কৃতি ঘ মৌলিক প্রয়োজনের ব্যবস্থা

ব্যাখ্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫ নং অনুচ্ছেদে অন্ন, বস্ত্র, আশ্রয়, শিক্ষা ও চিকিৎসাসহ জীবনধারণের মৌলিক উপকরণ নিশ্চিতকরণের কথা উল্লেখ আছে।

উত্তর

| | |
|---|---|
| ৭৫ | গ |
| ৭৬ | গ |
| ৭৭ | খ |
| ৭৮ | গ |
| ৭৯ | ক |
| ৮০ | গ |
| ৮১ | ঘ |
| ৮২ | ঘ |
| ৮৩ | Note |
| ৮৪ | ক |
| ৮৫ | খ |
| ৮৬ | ঘ |

VIsionapps10
CamScanner

৮৭. বাংলাদেশে বয়স্ক ভাতা কার্যক্রম কবে প্রথম শুরু হয়?
ⓐ ১৯৯৮ সালে ⓑ ১৯৯৯ সালে
ⓒ ২০০০ সালে ⓓ ২০০১ সালে

(ব্যাখ্যা) ১৯৯৭-১৯৯৮ অর্থবছর হতে সমাজসেবা অধিদপ্তরের অধীন সামাজিক নিরাপত্তা বিধানের লক্ষ্যে বয়স্ক ভাতা চালু হয়।

৮৮. বাংলাদেশের জাতীয় স্বাস্থ্য নীতিমালা কবে প্রণীত হয়েছে?
ⓐ ২০১০ সালে ⓑ ২০১১ সালে
ⓒ ২০১২ সালে ⓓ ২০১৩ সালে

(ব্যাখ্যা) বাংলাদেশের জাতীয় স্বাস্থ্য নীতিমালা ২০১১ সালে প্রণীত হয় নবম জাতীয় সংসদে।

৮৯. 'Seven Sister' কোন দেশে অবস্থিত?
ⓐ ভারত ⓑ পাকিস্তান ⓒ মিয়ানমার ⓓ ভুটান

(ব্যাখ্যা) Seven Sisters হলো উত্তর-পূর্ব ভারতের ৭টি অঙ্গরাজ্য। আসাম, মেঘালয়, ত্রিপুরা, মিজোরাম, মণিপুর, অরুণাচল ও নাগাল্যান্ডকে একত্রে সেভেন সিস্টার্স বলা হয়।

৯০. আগরতলা মামলা প্রত্যাহার করা হয়–
ⓐ ২২ ফেব্রুয়ারি ১৯৬৯ ⓑ ২০ মার্চ ১৯৬৯
ⓒ ১৮ ফেব্রুয়ারি ১৯৭০ ⓓ ৫ ডিসেম্বর ১৯৬৮

(ব্যাখ্যা) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে প্রধান আসামি করে মোট ৩৫ জনের বিরুদ্ধে ১৯৬৮ সালে দায়ের করা হয় আগরতলা ষড়যন্ত্র মামলা। গণআন্দোলনের মুখে পাকিস্তান সরকার ২২ ফেব্রুয়ারি ১৯৬৯ এ মামলা প্রত্যাহার করে।

৯১. বাংলাদেশে সরকারি EPZ মোট কতটি?
ⓐ ৭টি ⓑ ৮টি ⓒ ৯টি ⓓ ১০টি

(ব্যাখ্যা) বর্তমানে বাংলাদেশে সরকারি EPZ আছে ৮টি। ১৯৮৩ সালে দেশের প্রথম ও সর্ববৃহৎ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা EPZ স্থাপন করা হয় চট্টগ্রামের হালিশহরে। দেশের একমাত্র কৃষিভিত্তিক EPZ হলো— উত্তরা ইপিজেড (নীলফামারী)।

৯২. মুজিবনগর সরকারের অর্থমন্ত্রী কে ছিলেন?
ⓐ ক্যাপ্টেন এম. মনসুর আলী ⓑ তাজউদ্দীন আহমদ
ⓒ সৈয়দ নজরুল ইসলাম ⓓ খন্দকার মোশতাক আহমেদ

(ব্যাখ্যা) মুজিবনগর সরকারের অর্থ, শিল্প ও বাণিজ্য মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন ক্যাপ্টেন এম মনসুর আলী। খন্দকার মোশতাক আহমেদ ও তাজউদ্দীন আহমদ ছিলেন যথাক্রমে পররাষ্ট্র ও প্রধানমন্ত্রীর দায়িত্বে। অন্যদিকে সৈয়দ নজরুল ইসলাম ছিলেন উপরাষ্ট্রপতি ও অস্থায়ী রাষ্ট্রপতি।

৯৩. বাংলাদেশের প্রথম আদমশুমারি হয়–
ⓐ ১৯৭১ সালে ⓑ ১৯৭২ সালে
ⓒ ১৯৭৩ সালে ⓓ ১৯৭৪ সালে

(ব্যাখ্যা) স্বাধীনতার পর বাংলাদেশে প্রথম আদমশুমারি তথা জনশুমারি অনুষ্ঠিত হয় ১৯৭৪ সালে। দেশের পঞ্চম তথা সর্বশেষ আদমশুমারি অনুষ্ঠিত হয় ২০১১ সালে। আদমশুমারি অনুষ্ঠিত হয় ১০ বছর পর পর।

৯৪. সংবিধানের কোন অনুচ্ছেদে সরকারি কর্ম কমিশন গঠনের উল্লেখ আছে?
ⓐ ১৩০ ⓑ ১৩১ ⓒ ১৩৭ ⓓ ১৪০

(ব্যাখ্যা) আইনের দ্বারা বাংলাদেশের জন্য এক বা একাধিক সরকারি কর্ম কমিশন গঠনের বাধ্যবাধকতা সংবিধানের ১৩৭ নং অনুচ্ছেদে বর্ণিত আছে। ১৩৮, ১৩৯ ও ১৪০ নং অনুচ্ছেদে যথাক্রমে কর্ম কমিশনের সদস্য নিয়োগ, পদের মেয়াদ ও কমিশনের দায়িত্ব সম্পর্কে বলা আছে।

৯৫. নবায়নযোগ্য শক্তি কোনটি?
ⓐ তেল ⓑ গ্যাস
ⓒ কয়লা ⓓ সমুদ্রের ঢেউ

(ব্যাখ্যা) যেসব শক্তির উৎস কখনো নিঃশেষ হয় না, পুনঃপুন ব্যবহার করা যায়, তাদেরকে নবায়নযোগ্য শক্তির উৎস বলা হয়। যেমন—সৌরশক্তি, বায়ুশক্তি, সমুদ্রের ঢেউ ইত্যাদি।

৯৬. ইতিহাসের জনক কে?
ⓐ হেরোডোটাস ⓑ এরিস্টটল
ⓒ ওয়াশিংটন ⓓ নিউইয়র্ক

(ব্যাখ্যা) প্রাচীন গ্রিক দার্শনিক হেরোডোটাসকে (খ্রিস্টপূর্ব ৪৮৪-৪২৫) ইতিহাসের জনক বলা হয়। কারণ তিনিই প্রথম পদ্ধতিগতভাবে ঐতিহাসিক উপাদান সংগ্রহ করেছিলেন। তার বিখ্যাত গ্রন্থ—The Histories।

৯৭. টেকসই উন্নয়ন অভীষ্ট কবে গৃহীত হয়?
ⓐ ২০১৫ সালের ২৩ সেপ্টেম্বর ⓑ ২০১৬ সালের ২৩ সেপ্টেম্বর
ⓒ ২০১৫ সালের ২৫ সেপ্টেম্বর ⓓ ২০১৫ সালের ২৪ সেপ্টেম্বর

(ব্যাখ্যা) টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) হলো আন্তর্জাতিক উন্নয়ন সংক্রান্ত একগুচ্ছ লক্ষ্যমাত্রা। ২০১৫ সালের ২৫ সেপ্টেম্বর জাতিসংঘের সাধারণ অধিবেশনে SDG-এর ১৭টি লক্ষ্যমাত্রা নির্ধারণ করে সদস্য দেশগুলো।

৯৮. 'ওয়াটার লু' যুদ্ধক্ষেত্র কোথায় অবস্থিত?
ⓐ বেলজিয়াম ⓑ জাপান ⓒ জার্মানি ⓓ ইংল্যান্ড

(ব্যাখ্যা) বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসের ১৫ কিমি দক্ষিণের একটি স্থান ওয়াটার লু (Waterloo)। এখানেই ১৮১৫ সালের ১৮ জুন বিখ্যাত 'ওয়াটার লু'র যুদ্ধ সংঘটিত হয়। এ যুদ্ধে নেপোলিয়ন ব্রিটিশ সেনাপতি ডিউক অব ওয়েলিংটন ও প্রুশিয়ান সেনাপতি গেবার্ড ভন ব্লুচারের সম্মিলিত বাহিনীর নিকট পরাজয় বরণ করেন।

৯৯. হাসপাতাল সমাজসেবা কার্যক্রম কোন মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত হয়?
ⓐ সমাজকল্যাণ মন্ত্রণালয় ⓑ মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়
ⓒ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ⓓ শিক্ষা মন্ত্রণালয়

১০০. স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য 'বীরপ্রতীক' উপাধি লাভ করেন কত জন?
ⓐ ৭ জন ⓑ ৬৮ জন ⓒ ১৭৫ জন ⓓ ৪২৬ জন

(ব্যাখ্যা) বাংলাদেশের মুক্তিযুদ্ধে অসামান্য অবদানের জন্য মোট ৬৭৬ জনকে বীরত্বসূচক খেতাব প্রদান করা হয়। এদের মধ্যে ৭ জন বীরশ্রেষ্ঠ, ৬৮ জন বীরউত্তম, ১৭৫ জন বীরবিক্রম ও ৪২৬ জন বীরপ্রতীক খেতাব পান। উল্লেখ্য, ৬ জুন ২০২১ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় একজন বীরউত্তম, একজন বীরবিক্রম ও দুইজন বীরপ্রতীকের খেতাব বাতিল করে প্রজ্ঞাপন জারি করে।

উত্তর

| | |
|---|---|
| ৮৭ | ক |
| ৮৮ | খ |
| ৮৯ | ক |
| ৯০ | ক |
| ৯১ | খ |
| ৯২ | ক |
| ৯৩ | ঘ |
| ৯৪ | গ |
| ৯৫ | ঘ |
| ৯৬ | ক |
| ৯৭ | গ |
| ৯৮ | ক |
| ৯৯ | ক |
| ১০০ | ঘ |

VIsionapps10
CamScanner